

সুখবর ! সম্মানিত বেসামরিক পেনশনারদের সেবা আরও সহজীকরণ

মুজিব শতবর্ষে প্রায় শতভাগ সম্মানিত বেসামরিক পেনশনারদের পেনশন ইএফটির মাধ্যমে সরাসরি তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। সরকারের ডিজিটাইজেশন কর্মকান্ডের ব্যাপ্তি বৃদ্ধি, পেনশন ব্যবস্থাকে অটোমেশনের এবং অর্থ বিভাগের প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় নিরবচ্ছিন্নভাবে দায়িত্ব পালন করে যাচ্ছে। কেন্দ্রীয় পেনশন ব্যবস্থাপনার আওতায় সম্মানিত পেনশনারদের সেবা অধিকতর সহজীকরণের লক্ষ্যে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট কার্যালয়ের জন্য একটি ওয়েবসাইট (www.cafopfm.gov.bd) চালু করা হয়েছে। উল্লিখিত ওয়েবসাইট হতে সম্মানিত পেনশনারগণ নিম্নবর্ণিত তথ্য/সেবাসমূহ গ্রহণ করতে পারবেন:

১. Pension Payment Information পেনশন পরিশোধের তথ্যাদি

সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর ওয়েবসাইটের (www.cafopfm.gov.bd) এই মেন্যুর মাধ্যমে সম্মানিত পেনশনারগণ নিজ NID এবং মোবাইল নম্বর ব্যবহার করে পেনশন/ভাতাদি পরিশোধের সকল তথ্য জানতে পারবেন।

২. Grievance Redress System (অভিযোগ প্রতিকার ব্যবস্থা)

সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর ওয়েবসাইটের (www.cafopfm.gov.bd) এই মেন্যুর মাধ্যমে সম্মানিত পেনশনারগণ নিজ NID এবং মোবাইল নম্বর ব্যবহার করে সমস্যা/অভিযোগসমূহ দাখিল করতে পারবেন। অভিযোগটি সমাধানের পর 'Your Complaint no..... has been resolved By CAFO Pension & Fund Management' শীর্ষক এসএমএস সংশ্লিষ্ট সম্মানিত পেনশনারের মোবাইল নম্বরে প্রেরিত হবে।

৩. Pension Calculator

সিএএফও/পেনশন ও ফান্ড ম্যানেজমেন্ট এর ওয়েবসাইটের (www.cafopfm.gov.bd) নোটিশ বোর্ড মেন্যুর মধ্যে **Pension Calculator** সাব-মেন্যুটি সংযোজন করা হয়েছে। এই সাব-মেন্যুতে সম্মানিত পেনশনারের জন্ম তারিখ, অবসরের তারিখ এবং নীট পেনশন এন্ট্রি করলে সংশ্লিষ্ট সম্মানিত পেনশনারের বিভিন্ন পে-স্কেলে প্রদত্ত সুবিধা অনুযায়ী তার প্রাপ্য পেনশন নির্ধারণ সম্পর্কে নিশ্চিত হতে পারবেন।

এছাড়াও, বেসামরিক কর্মকর্তা/কর্মচারী এই ওয়েবসাইটের '**GPF Information**' মেন্যুতে তার এনআইডি এবং মোবাইল নম্বর এন্ট্রি দিলে রেজিস্টার্ড মোবাইলে '**OTP**' প্রেরিত হবে। '**OTP**' টি এন্ট্রি দিলে সংশ্লিষ্ট জিপিএফ হিসাবধারী তার হিসাবের ব্যালেন্স জানতে পারবেন।

(মোঃ নূরুল ইসলাম)

হিসাব মহানিয়ন্ত্রক